তারিখ 17 APR 2016
পৃষ্ঠা ১৫ কলাম ৬

সংবাদ

টাঙ্গাইলে ছাত্রীকে ধর্ষণ অভিযোগে প্রধান শিক্ষকসহ ৫ জনের বিরুদ্ধে মামলা

জেলা বার্তা পরিবেশক, টাঙ্গাইল

টাঙ্গাইলের গোপালপুর উপজেলার হাদিরা ইউনিয়নের আজগড়া নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ের অষ্টম শ্রেণীর ছাত্রীকে প্রথমে ধর্ষণ এবং পরে গর্ভপাত ঘটানোর অভিযোগে প্রধান শিক্ষকসহ পাঁচজনকে আসামি করে গোপালপুর থানায় ধর্ষণ মামলা দায়ের হয়েছে।

থানার ওসি মুহাম্মদ আবদুল জলিল জানান, আজগড়া গ্রামের দিনমজুর আসলাম মিয়ার অষ্টম শ্রেণীতে পড়ুয়া কন্যা তিন মাস আগে পাশের বাড়িতে টিভি দেখতে গিয়ে সেনেরচর শাহ সুফি আলীম মাদ্রাসার শিক্ষক মাওলানা মাজহারুল ইসলাম বাবলুর দ্বারা ধর্ষিত হয়। তিন মাসের ব্যবধানে গর্ভধারনের লক্ষণ প্রকাশ পেলে ওই ছাত্রী তার বাবা-মাকে ঘটনা খুলে বলে। বিপদ আঁচ করে শিক্ষক মাজহারুল ওই ছাত্রীকে কৌশলে বাড়িতে ডেকে নিয়ে আটকে রেখে ওষুধ সেবন করিয়ে গর্ভপাত ঘটায়। ভিকটিমের বাবা-মা এ ঘটনা মেয়ের স্কুলের প্রধান শিক্ষক রুহুল আমীনকে জানালে তিনি টাকার বিনিময়ে ঘটনা মীমাংসার চাপ দেন। রাজি না হলে প্রাণনাশের হুমকি দেন প্রধান শিক্ষক। পরে গত বুধবার রাতে গোপালপুর থানা পুলিশ জিম্মি করে রাখা স্কুলছাত্রীকে উদ্ধার করে প্রাথমিক চিকিৎসার জন্য গোপালপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে পাঠায়। তদন্তকারী দারোগা জানান, মামলার মূল আসামি মাজহারুল। তবে ঘটনা ধামাচাপা দেয়ার অভিযোগে আজগড়া নিম্ন মাধ্যমিক স্কুলের প্রধান শিক্ষক রুহুল আমীনকেও আসামি করা হয়েছে। ভিকটিমকে মেডিকেল পরীক্ষার জন্য শনিবার টাঙ্গাইল মেডিকেলে পাঠানো হয়েছে।